অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/25/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কে মাইক্রনের 100 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পে উল্লেখযোগ্য অগ্রগতি উল্লেখ করেন গভর্নর হোকল যা ড্রাফট এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট হিসেবে জনসাধারণের জন্য প্রকাশিত হয়েছে

এই প্রতিবেদনটি নিউ ইয়র্ক স্টেটের যেকোনো প্রকল্পের জন্য এ যাবৎ বিবেচিত সবচেয়ে ব্যাপক বিশেষজ্ঞ বিশ্লেষণগুলোর মধ্যে অন্যতম

এটি মাইক্রনের উপস্থিতির পরিমাপ ও ব্যবস্থাপনার জন্য 2.5 বছরের সুক্ষ্ম মূল্যায়ন ও গবেষণাকে প্রতিফলিত করে

মাইক্রনের প্রতিষ্ঠানগুলোতে প্রায় 50,000 নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে, যার মধ্যে মাইক্রনে 9,000টি এবং হাজার হাজার প্রচলিত মজুরি ভিত্তিক নির্মাণ কাজে

এতে দেশের সর্ববৃহৎ ক্লিন রুম এবং শিল্পখাতের শীর্ষস্থানীয় মানদণ্ড অন্তর্ভুক্ত রয়েছে

নিউ ইয়র্ক স্টেট ও মাইক্রন মিলে 500 মিলিয়ন মার্কিন ডলারের একটি তহবিল গঠন করছে যা স্থানীয় গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোকে সহায়তা করবে

স্থানীয় কর্মসংস্থান, ভেটেরান্স ও ক্ষুদ্র ব্যবসার উপর গুরুত্বারোপ করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রন প্রকল্পখাতে একটি বড় অগ্রগতির কথা ঘোষণা করেছেন যেখানে স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (State Environmental Quality Review Act, SEQRA) এবং ফেডারেল ন্যাশনাল এনভায়রনমেন্টাল পলিসি অ্যাক্ট (National Environmental Policy Act, NEPA) উভয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ড্রাফট এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট (Draft Environmental Impact Statement, DEIS) জনসাধারণের জন্য প্রকাশিত হয়েছে। প্রায় 20,000 পৃষ্ঠার এই প্রতিবেদনটি যা ওনোনদাগা কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (Onondaga County Industrial Development Agency), US কমার্স ডিপার্টমেন্ট অ্যান্ড মাইক্রন (US Commerce Department and Micron) যৌথভাবে তৈরি করেছে, নিউ ইয়র্ক স্টেটের যেকোনো প্রকল্পের ক্ষেত্রে পরিচালিত সবচেয়ে পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণগুলোর মধ্যে অন্যতম, পাশাপাশি এটি মাইক্রনের ঐতিহাসিক এবং রূপান্তরকারী বিনিয়োগ পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ যেখানে আগামী 20-বছরের বেশি

সময়ে 100 বিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করা হবে ও প্রায় 50,000 কর্মসংস্থান সৃষ্টি হবে এবং এতে প্রায় 2.4 মিলিয়ন বর্গফুট আয়তনের দেশের বৃহত্তম ক্লিন রুম স্পেসও অন্তর্ভুক্ত থাকবে।

"আমরা প্রতিটি মাইক্রোচিপের মাধ্যমে আপস্টেট নিউ ইয়র্কের অর্থনীতিকে বদলে দিচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এটি নিউ ইয়র্কের প্রতি মাইক্রনের অঙ্গীকারের একটি গুরুত্বপূর্ণ মাইলফলক যা দেখায় যে অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশ সুরক্ষা পরস্পরের পরিপূরক হতে পারে। এই প্রকল্পটি সেন্ট্রাল নিউ ইয়র্ককে বদলে দেবে — আর আমরা দারুণ গতিতে এগিয়ে যাচ্ছি।"

মাইক্রনের গ্লোবাল অপারেশনসের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট Manish Bhatia (মনীশ ভাটিয়া) বলেন, "আমরা স্থানীয়, স্টেট ও ফেডারেল সংস্থাগুলোর প্রতি কৃতজ্ঞ যাদের সহায়তা ও পর্যালোচনার কারণে আমরা এই গুরুত্বপূর্ণ মাইলফলটি অর্জন করতে পেরেছি। মাইক্রন অত্যাধুনিক মেমরি উৎপাদন কার্যক্রম নিউ ইয়র্কে নিয়ে আসার দিকেই মনোযোগ ধরে রেখেছে। আমরা জনসাধারণের এবং স্থানীয়, স্টেট ও ফেডারেল সরকারি সংস্থাগুলোর পর্যালোচনার জন্য কম্প্রিহেন্সিভ ড্রাফট এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট প্রস্তুতে অত্যন্ত মনোযোগ দিয়েছি। যেহেতু আমরা এই বছরের শেষের দিকে ভূমি প্রস্তুতির ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছি তাই আমরা প্রধান সংস্থাগুলোর সাথে নিবিড়ভাবে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি যাতে প্রক্রিয়াটি সমস্ত নিয়ন্ত্রক শর্তাবলি পূরণ করে এবং কমিউনিটির মতামত গ্রহণে অর্থপূর্ণ সুযোগ নিশ্চিত করে।"

DEIS-এর সর্বজনীন প্রকাশনা হচ্ছে মাইক্রোন এবং নিউ ইয়র্ক স্টেটের স্টেটের মধ্যে চলমান অংশীদারিত্বের সর্বশেষ মাইলফলক যা 2022 সালের অক্টোবরে নির্ধারিত হয় যখন মাইক্রোন সেন্ট্রাল নিউ ইয়র্ককে তাদের কারখানার জন্য নির্বাচন করেছিল। গভর্নর Hochul (হোকল) মাইক্রনের কার্যক্রমকে ঘিরে প্রস্তুতি নিতে এবং এই অঞ্চল ও কমিউনিটিতে ধারাবাহিক বিনিয়োগ নিশ্চিত করতে স্থানীয়, স্টেট ও ফেডারেল অংশীদারদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করেছেন। গভর্নরের গ্রিন CHIPS প্রণোদনা কর্মসূচি (Green CHIPS Incentive Program)-এর অংশ হিসেবে, মাইক্রন গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে, পানি সংরক্ষণ ও পুনর্ব্যবহার প্রচেষ্টার সম্প্রসারণ করতে এবং কার্বন-মুক্ত শক্তির লক্ষ্য নির্ধারণে কাজ করবে যা নিউ ইয়র্কের পরিবেশবান্ধব জ্বালানি-ভিত্তিক অর্থনীতির লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। আগামী 45 দিনের মধ্যে জনসাধারণ DEIS-এর গবেষণাগুলোর ব্যাপারে মতামত জানাতে পারবে। মতামত গ্রহণের নির্ধারিত সময়সীমার মধ্যে 24 জুলাই লিভারপুল হাই স্কুলে একটি সশরীরে উপস্থিতিমূলক গণশুনানি অনুষ্ঠিত হবে। মতামত পাঠানোর শেষ তারিখ 11 আগস্ট। মতামত পাঠানোর নির্দেশাবলী ওনোন্ডাগা কাউন্টি অফিস অব ইকোনমিক ডেভেলপমেন্ট ওয়েবসাইটে পাওয়া যাবে।

মাইক্রনের এই 100 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ নিউ ইয়র্কের ইতিহাসে সবচেয়ে বড় বেসরকারি বিনিয়োগ এবং এতে যুক্তরাষ্ট্রের বৃহত্তম ক্লিনরুম থাকবে। এবং এই দশকের শেষ নাগাদ, মার্কিন যুক্তরাষ্ট্রে তৈরি চারটি চিপের মধ্যে একটি আপস্টেট নিউ ইয়র্কের 350 মাইলের মধ্যে উৎপাদিত হবে — দেশের অন্য কোনো অঞ্চলে এর চেয়ে বেশি অংশ তৈরি হবে না।

সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের উপস্থিতি আপস্টেট নিউ ইয়র্কে এক অসাধারণ উন্নয়ন সাধন করেছে। এর মধ্যে রয়েছে:

- সাইটে শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী 9,000টি নতুন ও ভালো বেতনের চাকরি
- আগামী 30 বছরে এই অঞ্চলে স্থায়ীভাবে 50,000 পর্যন্ত নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে এবং পরবর্তী 20 বছরে ক্যাম্পাস নির্মাণের জন্য কয়েক দশক ধরে হাজার হাজার নির্মাণ-সংশ্লিষ্ট কর্মসংস্থান সৃষ্টি হবে
- 2027 সাল থেকে প্রতিবছর আঞ্চলিক অর্থনৈতিক উৎপাদনে বাড়তি 9.5 বিলিয়ন মার্কিন ডলার যোগ হবে যা 2041 সালের মধ্যে বার্ষিক 16 বিলিয়ন মার্কিন ডলারের বেশি হয়ে দাঁড়াবে
- 2035 সালের মধ্যে সেন্ট্রাল নিউ ইয়র্কবাসীর বার্ষিক ব্যয়যোগ্য আয়ে অতিরিক্ত 3.3 বিলিয়ন মার্কিন ডলার যোগ হবে যা আগামী 30 বছরে বার্ষিক গড় হিসাবে দাঁড়াবে 5.4 বিলিয়ন মার্কিন ডলারে
- স্কুল ও অন্যান্য জনসেবামূলক ভালো কাজের জন্য স্টেট ও স্থানীয় সরকারের জন্য প্রায় 20 বিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ

দীর্ঘদিনের স্থবিরতার পর, সেন্ট্রাল নিউ ইয়র্কের জনসংখ্যা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। মাইক্রনের প্রকল্পটি নিউ ইয়র্কে 84,000 জনেরও বেশি মানুষকে আকর্ষণ করবে বলে আশা করা হচ্ছে — যার বেশিরভাগই (76,000+) সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে। এই বৃদ্ধি সামাল দিতে, পরিকল্পিত বিনিয়োগের মধ্যে রয়েছে:

- আঞ্চলিক উন্নয়নের সহায়ক হিসেবে দীর্ঘমেয়াদী অবকাঠামোগত বিনিয়োগ, যার অন্তর্ভুক্ত হলো জল, পয়ঃনিষ্কাশন, গ্যাস, বিদ্যুৎ এবং পরিবহন ব্যবস্থার সম্প্রসারণ
- সেন্ট্রাল নিউ ইয়র্কের সর্বব্যাপী অর্থনৈতিক উন্নতি, কর্মদক্ষতার বিকাশ এবং জীবনযাত্রার মানোন্নয়ন নিশ্চিত করার জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের কমিউনিটি ইনভেস্টমেন্ট ফান্ড গঠন করা হয়েছে
- সিরাকিউজের দক্ষিণ পাশে অবস্থিত স্টেটের নতুন 200 মিলিয়ন মার্কিন ডলারের ON-RAMP কর্মীবাহিনী উন্নয়ন কর্মসূচির প্রধান কার্যালয়
- গভর্নর Hochul (হোকল)-এর যুগান্তকারী আবাসন নীতিমালার মধ্যে স্টেট পর্যায়ে বিভিন্ন উদ্যোগ এবং অর্থায়ন কর্মসূচি বিদ্যমান, পাশাপাশি, ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে সাশ্রয়ী ও উচ্চ-গুণগতমানসম্পন্ন আবাসনের সরবরাহ বৃদ্ধির জন্য আঞ্চলিক বাজারকে এগিয়ে নিতে স্থানীয় নীতিমালা প্রণয়ন করা হচ্ছে

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের যুগান্তকারী বিনিয়োগকে বাস্তবে রূপ দিতে এবং কাজ শুরু করার জন্য এটি একটি বিশাল অগ্রগতি। আমার দ্বিদলীয় চিপস অ্যান্ড সায়েন্স আইন (CHIPS & Science Law)-এর কারণে, আমাদের কমিউনিটির জন্য হাজার হাজার ভালো মানের কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে এবং আমরা সেমিকন্ডাক্টর উৎপাদনকে আমেরিকায় ফিরিয়ে আনছি, যেখানে আপস্টেট নিউ ইয়র্ক নেতৃত্ব দিচ্ছে। আপস্টেট নিউ ইয়র্কে উৎপাদনখাতে বিনিয়োগ এবং কর্মসংস্থান ফিরিয়ে আনার জন্য গভর্নর (হোকল)-এর সহযোগিতার জন্য আমি কৃতজ্ঞ।"

প্রতিনিধি John W. Mannion (জন ডব্লিউ. ম্যানিয়ন) বলেন, "মাইক্রনের এই ঐতিহাসিক বিনিয়োগ স্বচ্ছতা, পরিবেশগত দায়বদ্ধতা এবং কমিউনিটির অংশগ্রহণের সমন্বয়ে এগিয়ে চলেছে যা সেন্ট্রাল নিউ ইয়র্কের মানুষ প্রত্যাশা করে এবং যেটি তাদের প্রাপ্য। নিউ ইয়র্কের গ্রিন চিপস আইনের সহ-প্রধান পৃষ্ঠপোষক হিসেবে, আমি গভর্নর Hochul (হোকল) এবং সরকারের সকল স্তরের অংশীদারদের সাথে এই রূপান্তরমূলক প্রকল্পের ভিত্তি স্থাপনে কাজ করেছি। কর্মীবাহিনী প্রশিক্ষণের জন্য আমি যে রেকর্ড পরিমাণ বিনিয়োগ নিশ্চিত করেছি — যার মধ্যে MACNY অ্যাপ্রেন্টিসশিপ, ON-RAMP, K-12 শিক্ষা এবং কর্মজীবনের পথ অন্তর্ভুক্ত — সেগুলোকে আরো এগিয়ে নিতে আমি প্রতিশ্রুতিবদ্ধ যা NY-22-এর বাসিন্দাদের আমাদের কমিউনিটির প্রতিটি স্তরে সুযোগ ও সম্ভাবনাময় একটি উচ্চ-প্রযুক্তি ভবিষ্যতের জন্য প্রস্তুত করছে।"

সিরাকিউজের মেয়র Ben Walsh (বেন ওয়ালশ) বলেন, "মাইক্রন প্রকল্পটি সিরাকিউজ সিটির এবং আমাদের সমগ্র অঞ্চলের উপর একটি ইতিবাচক প্রভাব ফেলবে। আমরা DEIS-এর প্রকাশকে প্রকল্পের একটি বড় পদক্ষেপ এবং আমাদের অঞ্চলের প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ সুরক্ষিত রাখার জন্য একটি অপরিহার্য কাজ হিসেবে স্বাগত জানাই। সিরাকিউজ ও সেন্ট্রাল নিউ ইয়র্ককে সেমিকন্ডাক্টর শিল্পে বিশ্বের শীর্ষ পর্যায়ে নিয়ে যাওয়ার প্রচেষ্টা চালিয়ে যাওয়ার জন্য গভর্নর Hochul (হোকল), কাউন্টির এক্সিকিউটিভ McMahon (ম্যাকমোহন), মাইক্রন এবং আমাদের সকল অংশীদারকে সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "যথাযথ পরিবেশগত পর্যালোচনার মাধ্যমে দায়িত্বশীল অর্থনৈতিক উন্নয়ন শুরু হয় যা প্রাকৃতিক সম্পদের উপর সম্ভাব্য প্রভাবগুলোকে পুরোপুরি মূল্যায়ন ও প্রশমিত করতে পারে। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বের কারণে, পর্যালোচনা প্রক্রিয়ার এই গুরুত্বপূর্ণ ধাপটি এই প্রজন্মের অন্যতম বড় প্রকল্পের ক্ষেত্রে একটি জোরালো জনপর্যালোচনার সুযোগ করে দেবে। মাইক্রন প্রকল্পটি এগিয়ে চলার সাথে সাথে সেন্ট্রাল নিউ ইয়র্কের বায়ু, জল এবং ভূমি সুরক্ষায় আমাদের ফেডারেল, স্টেট ও স্থানীয় অংশীদারদের সাথে কাজ করতে পেরে DEC গর্বিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "আজকের এই মাইলফলকটি সেন্ট্রাল নিউ ইয়র্কের প্রতিটি মাইক্রনের ঐতিহাসিক প্রতিশ্রুতির সর্বশেষ সংযোজন। DEIS যেকোনো অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পের — বিশেষ করে এমন বড় আকারের প্রকল্পের — একটি গুরুত্বপূর্ণ অংশ এবং এটি দেখায় যে প্রকল্পটি জরুরি অনুমোদন প্রক্রিয়া পেরিয়ে যাচ্ছে। নিউ ইয়র্ক স্টেট এবং মাইক্রন সমন্বিতভাবে কাজ করা চালিয়ে যাচ্ছে যাতে এই অভূতপূর্ব কারখানা যা সংশ্লিষ্ট অঞ্চল ও স্টেটের জন্য যুগান্তকারী পরিবর্তন আনবে, তা সফল হয়।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (New York State Department of Transportation) কমিশনার Marie Therese Dominguez (ম্যারি থেরেস ডমিঙ্গেজ)

বলেন, "এটি সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য প্রকৃতপক্ষেই একটি আনন্দপূর্ণ সময় এবং স্টেটের পরিবহন বিভাগ্ এই সকল এলাকার সংস্কারের জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আমরা যেভাবে, পরিবহন ব্যবস্থাকে এমন এক পরিধি ও পর্যায়ে সংস্কার করছি যা আপস্টেট নিউ ইয়র্কে আগে দেখা যায়নি, পাশাপাশি অতীতের ভুলগুলোকে সঠিক করে এবং আমাদের ঐতিহাসিক I-81 প্রকল্পের মাধ্যমে সিরাকিউজের বিভিন্ন কমিউনিটিসমূহকে সংযুক্ত করছি, আমরা সেন্ট্রাল নিউ ইয়র্ককে কর্মসংস্থান ও সমৃদ্ধির জন্য প্রস্তুত করতে সাহায্য করছি যা এই এলাকায় মাইক্রোন তৈরি করবে। গভর্নর Hochul (হোকল) এর পরিকল্পিত বিনিয়োগ ও সহায়তার মাধ্যমে, স্টেটের পরিবহন ব্যবস্থা মাইক্রনকে উপযুক্ত করার জন্য প্রস্তুত হবে এবং এটি সেন্ট্রাল নিউ ইয়র্কের জীবনের সকল ক্ষেত্রের উপর যে দীর্ঘ মেয়াদি প্রভাব ফেলবে তা মানিয়ে নেওয়ার জন্য প্রস্তুত হবে। আমরা সেন্ট্রাল নিউ ইয়র্ক কমিউনিটি ও মাইক্রোনের সাথে ক্রমাগত কাজ করার জন্য এবং নিকট ভবিষ্যতে পরবর্তী পর্যায়ের অবকাঠামোগত বিনিয়োগের পর্যায় বিবেচনা করার জন্য অপেক্ষায় রয়েছি।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "মাইক্রনের ঐতিহাসিক বিনিয়োগ এম্পায়ার স্টেটে নিউ ইয়র্কবাসীদের জন্য সকলের দক্ষতার স্তরের হাজার হাজার নতুন সুযোগ নিয়ে আসার সম্ভাবনা রয়েছে। তাদের খসড়া পরিবেশগত প্রভাব বিবৃতিটি প্রকাশ করার মাধ্যমে, - ভবিষতের প্রজন্মের জন্য প্রকৃত অর্থনৈতিক আগ্রগতিকে পরিচালিত করার সময় শূন্য-নির্গমন বিদ্যুতের মাধ্যমে প্রযুক্তিকে শক্তিশালী করা বলতে কী বুঝায় তা মাইক্রন নেতৃত্বের মাধ্যমে উদাহরণ দিয়ে দেখিয়েছে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা Justin E. Driscoll (জাস্টিন ই. ড্রিসকল) বলেন, "নিউ ইয়র্কে মাইক্রনের আগমন স্থানীয় অর্থনীতিকে নতুন করে গড়ে তুলবে, সেন্ট্রাল নিউ ইয়র্কে ভালো বেতনের নির্মাণ, উৎপাদন ও প্রযুক্তিগত ক্ষেত্রে হাজার হাজার কর্মসংস্থান নিয়ে আসবে। NYPA স্টেটে মাইক্রনের উল্লেখযোগ্য বিনিয়োগকে সাশ্রয়ী মূল্যের বিদ্যুতের প্রধান বরাদ্দ প্রদানে সাহায্য করতে পেরে গর্বিত, যা এই এলাকায় দীর্ঘস্থায়ী অর্থনৈতিক অগ্রগতিকে উৎসাহিত করবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশনের কমিশনার Pro Tem Randy Simons (প্রো টেম রেন্ডি সাইমনস) বলেন, "মাইক্রেনের খসড়া পরিবেশগত প্রভাব বিবৃতির প্রকাশ হলো সেন্ট্রাল নিউ ইয়র্কে হাজার হাজর নতুন কর্মসংস্থান তৈরির একটি বড় ধরণের উদ্যোগের মাধ্যমে উল্লেখযোগ্য সাফল্য। আমাদের এজেন্সটি এই এলাকায় অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মান উন্নত করার পাশাপাশি গুরুত্বপূর্ন সংস্থান সংরক্ষণের জন্য আমাদের স্টেট ও ফেডারেল সহযোগীদের সাথে সাথে কাজ করার জন্য অপেক্ষায় রয়েছে।"

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অব স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি. মোসলে) বলেন, "স্থায়ীত্ব ও সামাজিক দায়িত্বের প্রতি মাইক্রেনের প্রতিশ্রুতি এই চমৎকার নথিতে স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে, যা কর্পোরেটের দায়িত্বের জন্য একটি পরিকল্পনা হিসেবে কাজ করতে

পারবে। একেবারে শুরু থেকেই, মাইক্রন নিজেকে একটি ভালো কর্পোরেট প্রতিবেশী হিসেবে প্রমাণ করেছে এবং আপস্টেট উন্নয়ন ও জীবনযাত্রার মানের একটি জরুরি অংশ হয়ে উঠেছে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রূথ অ্যান ভিসনাউকাস) বলেন, "মাইক্রেনের খসড়া পরিবেশগত প্রভাব বিবৃতির প্রকাশ কোম্পানির শক্তিশালী পরিবেশগত গুরুত্বকে তুলে ধরে এবং একটি সমৃদ্ধ, বিস্তৃত সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য আমাদের যৌথ লক্ষ্যের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে তুলে ধরে। যেহেতু আমরা মাইক্রেনের 100 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অসাধারণ সুযোগ-সুবিধার প্রস্তুতি নিচ্ছি, আমরা গভর্নর Hochul (হোকল) এর আবাসন নীতিগুলোকে কাজে লাগিয়ে একটি ক্রমবর্ধশীল কর্মশক্তির জন্য কেন্দ্রস্থল তৈরি করার ও মইক্রন, সেন্ট্রাল নিউ ইয়র্ক ও এর বাসিন্দাদের দীর্ঘমেয়াদি সাফল্য নিশ্চিত করতে সাহায্য করার অপেক্ষায় রয়েছি।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার এর (New York State Department of Labor) কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ার্ডন) বলেন, "যদিও নিউ ইয়র্ক স্টেট ও মাইক্রোনের মধ্যে সহযোগিতা আপস্টেট নিউ ইয়র্কে ভালো বেতনের উন্নত মানের উৎপাদন কর্মসংস্থান নিয়ে আসার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, তবে কর্মসংস্থান সৃষ্টি করতে আমাদের গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদকে বিপন্ন করা উচিত নয়। DEIS নিশ্চিত করতে সাহায্য করবে যে আমাদের পরিবেশ ও কমিউনিটি সুরক্ষিত হচ্ছে যখন আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য বৃহত্তর অর্থনৈতিক সুযোগ-সুবিধা প্রসারিত করার চেষ্টা করছি এবং আমাদের স্টেটটিকে বসবাস করা এবং কাজ করার জন্য নিরাপদ ও সাশ্রয়ী একটি স্থানে পরিণত করছি।"

স্টেট সিনেটর Rachel May (রাচেল মে) বলেন, "এই প্রতিবেদনটি তৈরি করতে অনেক সময় লেগেছে এবং আমি আশা করি CNY এর আরো অনেক লোক এটি মনোযোগ সহকরে পড়তে এবং জনসাধারণের মন্তব্য প্রক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য আমার সাথে যোগ দিবেন। এই প্রকল্পে কী কী সুবিধা আসবে সে বিষয়ে আমরা অনেক শুনেছি। এখন আমাদের প্রাকৃতিক ব্যবস্থার উপর এর প্রভাব ও অর্থনৈতিক অগ্রগতিকে আমাদের সহায়তা করা এবং আমাদের এলাকার চিহ্নিত মূল্যবান সংস্থানগুলির যত্ন সহকারে কীভাবে যুক্ত করা যায় তা নিয়ে আমাদের চিন্ত করা উচিত।"

স্টেট সিনেটর Chris Ryan (ক্রিস রায়ান) বলেন, "DEIS-এর মুক্তিকে প্রত্যাশা ও আনন্দের সাথে স্বাগত জানানো হচ্ছে কারণ এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মুহূর্ত। এই ঐতিহাসিক প্রতিবেদনটির ফলাফল ও সেন্ট্রাল নিউ ইয়র্কে পরিকল্পিত বিনিয়োগগুলো নিশ্চিত করবে যে এলাকাটি এই প্রজন্মের সংস্কারমূলক প্রকল্পের জন্য প্রস্তুতি গ্রহণ করতে প্রয়োজনীয় প্রদক্ষেপগুলো গ্রহণ করতে পারে এবং এর ফলে হাজার হাজর কর্মসংস্থান তৈরি হবে। আমি বাসিন্দাদের জনগণের মন্তব্য ও গণশুনাকি প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য উৎসাহিত করছি। আমাদের সকলেই, একটি এলাকায় একসাথে হয়ে কাজ করে, এই মহৎ সুযোগ থেকে উপকৃত হব।"

অ্যাসেম্বলিমেম্বার William Magnarelli (উইলিয়াম ম্যাগনারেলি) বলেন, "মাইক্রনের শুধুমাত্র স্থানীয় কমিউনিটিকেই নয়, বরং এলাকার কর্মসংস্থানের পূর্বাভাসকেই পরিবর্তন করতে পারে। DEIS-এর প্রকাশ হল সর্বশেষ উন্নয়ন যা এর আগমনের প্রস্তুতির জন্য প্রয়োজনীয় ক্রমাগত অগ্রগতি ও বিনিয়োগের উপর গুরুত্বারোপ করে।"

অ্যাসেম্বলিমেম্বার Al Stirpe (আল স্টিরপ) বলেন, "পরিবেশগত প্রভাব বিবৃতির খসড়া প্রকাশ করার মাধ্যমে মাইক্রেনের প্রতিশ্রুতি আরো এক ধাপ এগিয়ে গেল। হাজার হাজার প্রযুক্তিগত চাকরি, 20 বছরের অবিরত নির্মাণ কাজ, পাশাপাশি উন্নত পানি বর্জ্য পানি ও পরিবহন অবকাঠামোর সাথে অর্থনৈতিক সমৃদ্ধির এক ধাপ এগিয়ে যাওয়া। কঠোর পরিবেশগত মানদণ্ডের সাথে সামঞ্জস্য রেখে সবকিছু সম্পন্ন করা হয়েছে। আমাদের এলাকাটি দুই প্রজন্ম ধরে এই ধরণের সুযোগের জন্য অপেক্ষা করেছে, এবং এখন এটি আমাদের নাগালের মধ্যে।"

অ্যাসেম্বলিমেম্বার Pamela Hunter (পামেলা হান্টার) বলেন, "পরিবেশগত প্রভাব বিবৃতির খসড়া প্রকাশের মধ্যে নিউ ইয়র্কে সংস্কারমূলক পরিবর্তন আনার ক্ষেত্রে সত্যিকারের অগ্রগতিকে নির্দেশ করে। মাইক্রনের বিনিয়োগ শুধুমাত্র কর্মসংস্থান তৈরি করছে না – এটি প্রবীণ, MWBE উল্লেখযোগ্যভাবে পিছিয়ে পড়া কমিউনিটিগুলির জন্য একটি সুযোগ তৈরি করছে। আমাদের এলাকার ভবিষ্যতের জন্য এই জোরালো ও বিস্তৃত লক্ষ্যকে সমর্থন করতে পেরে আমি গর্বিত।"

সেন্টারস্টেটের CEO প্রেসিডেন্ট ও CEO Rob Simpson (রব সিম্পসন) বলেন, "মাইক্রনের পরিবেশগত প্রভাব বিবৃতির প্রকাশ কোম্পানির সেন্ট্রাল নিউ ইয়র্কে হাজার হাজার ভালো বেতনের চাকরি তৈরির পরিকল্পনার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই প্রতিবেদন প্রকাশকে আমরা স্বাগত জানাই যা এই অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য কাজ অগ্রসর হওয়ার একটি স্পষ্ট লক্ষণ। এই DEIS হচ্ছে বহু বছরের সহযোগিতা ও অধ্যবসায়ের প্রতিফলন। প্রতিটি ক্ষেত্রে, সরকারি এজেন্সিগুলো আমাদের কমিউনিটির গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদের সুরক্ষা নিশ্চিত করার জন্য মাইক্রনের সাথে সহযোগিতা করেছে। স্বচ্ছতা, জবাবদিহিতা ও জনসাধারণের মতামত প্রতিটি পর্যায়ের কেন্দ্রবিন্দুকে থাকে, এবং এটি ভিন্ন কিছু নয়। পাশাপাশি, আমরা দক্ষতা ও অব্যাহত অগ্রগতির উভয়কেই অগ্রাধিকার প্রদান করি। আমাদের এলাকা ও আমাদের দেশের জাতীয় নিরাপত্তা ও অর্থনৈতিক প্রতিযোগিতা নিশ্চিত করার জন্য যত দ্রুত সম্ভব এই প্রকল্পটি চালু করা প্রয়োজন। আমরা ব্যবসায়িক কমিউনিটিকে DEIS-এর পর্যলোচনা করার এবং আমাদের কিমিউনিটিতে এই প্রজন্মের বিনিয়োগের পক্ষে কথা বলার জন্য উৎসাহিত করি।"

এভারগ্রিন অ্যাকশন (Evergreen Action) এর ভাইস প্রেসিডেন্ট ফর স্টেটস Justin Balik (জাস্টিন বালিক) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্ব নিউ ইয়র্কে মাইক্রনের বৈপ্লবিক বিনিয়োগের পথ প্রশস্ত হয়েছে, এটি এমন একটি প্রকল্প যা স্টেটের গ্রিন CHIPS ও বিজ্ঞান আইনের মাধ্যমে টেকসই অর্থনৈতিক উন্নয়নকে নতুনভাবে পর্যালোচনা করতে প্রস্তুত। পরিচ্ছন্ন বিদ্যুৎ ব্যবস্থাপনা অর্থনৈতিক উন্নয়নের একটি অত্যাবশ্যক অংশ, নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন নতুন ভালো বেতনের কর্মসংস্থান তৈরি করে, পাশাপাশি শূন্য-নিষ্কাশন বিদ্যুৎ প্রযুক্তির উন্নয়ন করছে, ভবিষ্যতের জন্য স্থায়ী অর্থনৈতিক অগ্রগতি নিশ্চিত করছে।"

সেন্ট্রাল নিউ ইয়র্ক কমিউনিটি এনগেজমেন্ট কমিটির কো-চেয়ার Tim Penix (টিম পেনিক্স) বলেন, "এই খসড়া পরিবেশগত প্রভাব বিবরণী প্রকাশ মাইক্রনের ঐতিহাসিক বিনিয়োগকে বাস্তবে রূপ দিতে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক চিহ্নিত করে। কমিউনিটি এনগেজমেন্ট কমিটির কো-চেয়ার হিসেবে, আমি সেন্ট্রাল নিউইয়র্কের বাসিন্দাদের উৎসাহ এবং প্রতিশ্রুতি সরাসরি দেখেছি, যারা এটিকে কেবল অর্থনৈতিক উন্নয়নের চেয়েও বেশি কিছু হিসেবে দেখেন — এটি আমাদের সমগ্র অঞ্চলের জন্য একটি আরও ন্যায়সম্মত ও সমৃদ্ধ ভবিষ্যৎ গড়ার এক অনন্য সুযোগ। আমরা যে ব্যাপক কমিউনিটি এনগেজমেন্ট প্রক্রিয়া সম্পন্ন করেছি তা নিশ্চিত করেছে যে এই প্রকল্পটি এগিয়ে যাওয়ার সাথে সাথে, সেন্ট্রাল নিউ ইয়র্কের সকল মানুষের কণ্ঠস্বর এবং অগ্রাধিকারগুলো এই পরিবর্তনশীল মুহূর্তের সুবিধাগুলোকে আমরা কীভাবে সর্বাধিক করব তা নির্দেশনা দিতে থাকবে।"

MACNY-এর প্রেসিডেন্ট Randy Wolken (র‍্যান্ডি ওয়াকেন) বলেন, "আজকের ঘোষণার মাধ্যমে, আমরা সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রনের উৎপাদন সুবিধা স্থাপনের এক ধাপ কাছাকাছি চলে এসেছি। এই প্রকল্পটি হাজার হাজার উৎপাদন কর্মসংস্থান তৈরি করবে এবং উচ্চ প্রযুক্তির উৎপাদন ও উদ্ভাবনের জন্য একটি বৈশ্বিক কেন্দ্র হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে আরও উন্নত করবে। আমরা এই গুরুত্বপূর্ণ মাইলফলক উদযাপন করার সাথে সাথে, MACNY দল এই সুযোগের সম্পূর্ণ সম্ভাবনা উপলব্ধি করতে আমাদের সদস্য এবং কমিউনিটির অংশীদারদের সাথে সহযোগিতা করতে উৎসাহিত, প্রস্তুত এবং প্রতিশ্রুতিবদ্ধ।"

গভর্নর Hochul (হোকল) দায়িত্ব গ্রহণের পর থেকে তার নির্বাহী বাজেটগুলোর একটি প্রধান অংশ হিসেবে সেমিকন্ডাক্টর শিল্পকে অগ্রাধিকার দিয়েছেন। গভর্নর NY CREATES-এর অ্যালবানি ন্যানোটেক কমপ্লেক্সের জন্য অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার মূলধন বিনিয়োগ সুরক্ষিত করেছেন, যার ফলে মোট 1 বিলিয়ন মার্কিন ডলার রাষ্ট্রীয় বিনিয়োগের মাধ্যমে একটি 10 বিলিয়ন মার্কিন ডলার অংশীদারিত্ব শুরু হবে যা কমপ্লেক্সে একটি অত্যাধুনিক হাই NA EUV লিথোগ্রাফি সেন্টার নিয়ে আসবে। গভর্নর গত বছর আইবিএম (IBM), মাইক্রন (Micron), অ্যাপ্লাইড ম্যাটেরিয়ালস (Applied Materials), টোকিও ইলেকট্রন (Tokyo Electron) এবং সেমিকন্ডাক্টর শিল্পের অন্যান্য নেতৃবৃন্দের সাথে অংশীদারিত্ব ঘোষণা করেছেন, যা নিউইয়র্কে সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিংয়ের জন্য একটি বৈশ্বিক কেন্দ্র প্রতিষ্ঠার প্রতি তার প্রতিশ্রুতির অংশ। একবার সম্পন্ন হলে, এই নতুন কেন্দ্রটি নিউইয়র্ককে উত্তর আমেরিকার প্রথম সর্বজনীন মালিকানাধীন হাই NA EUV লিথোগ্রাফি সেন্টারের আবাসস্থলে পরিণত করতে, নিউইয়র্কের প্রযুক্তি অর্থনীতির দীর্ঘমেয়াদী বৃদ্ধিকে সমর্থন করতে এবং হাজার হাজার প্রত্যক্ষ, পরোক্ষ এবং ইউনিয়ন নির্মাণ কাজ তৈরি ও ধরে রাখতে অন্যান্য সেমিকন্ডাক্টর-সম্পর্কিত বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে উঠবে।

গভর্নর Hochul (হোকল) ফোকাসড অ্যাট্রাকশন অব শোভেল-রেডি ট্র্যাক্টস নিউ ইয়র্ক (Focused Attraction of Shovel-Ready Tracts New York, FAST NY) প্রোগ্রামের জন্য অতিরিক্ত 100 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নিশ্চিত করেছেন। 2022 সালের ডিসেম্বর মাসে চালু হওয়া FAST NY বেলচা প্রস্তুতির জন্য প্রতিটি আপস্টেট অঞ্চলে 20টি সাইট জুড়ে 2,500 একরেরও বেশি প্রস্তুত করার জন্য 175 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ দিয়েছে, এটি

একটি মূল বৈশিষ্ট্য যা ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে শনাক্ত করতে চায়। সাইটগুলো উন্নত করার জন্য পুরস্কার এডওয়ার্ডস ভ্যাকুয়াম, সিমেন্স মোবিলিটি, চোবানি এবং ফেয়ারলাইফের মতো কোম্পানিগুলোকে আকৃষ্ট করেছে।

এছাড়াও, 2023 সালের অক্টোবরে, গভর্নর Hochul (হোকল) অনোন্ডাগা কমিউনিটি কলেজে 15 মিলিয়ন মার্কিন ডলার, 5,000 বর্গফুট মাইক্রন ক্লিনরুম সিমুলেশন ল্যাবের পরিকল্পনা উন্মোচন করেন, যা সেন্ট্রাল নিউ ইয়র্কের শিক্ষার্থীদের মাইক্রনে চাকরির জন্য প্রশিক্ষণে সহায়তা করবে।

সবচেয়ে সম্প্রতি, গভর্নর Hochul (হোকল) সেমিকন্ডাক্টর সাপ্লাই চেইন সংস্থাগুলির জন্য একটি নতুন, উন্নত সুবিধা স্তর চালু করেছেন; যোগ্য ব্যয়ে 100 মিলিয়ন মার্কিন ডলার বা তার বেশি বৃহৎ আকারের সেমিকন্ডাক্টর গবেষণা ও উন্নয়ন বিনিয়োগের জন্য ট্যাক্স ক্রেডিট প্রদানের একটি নতুন প্রোগ্রাম; একটি নতুন সেমিকন্ডাক্টর উত্পাদন কর্মীবাহিনী প্রশিক্ষণ প্রণোদনা; এবং এক্সেলসিয়র (Excelsior) প্রোগ্রামের একটি সামগ্রিক 5 বছরের এক্সটেনশন।

সেমিকন্ডাক্টরগুলো দেশের অর্থনৈতিক শক্তির জন্য অত্যাবশ্যক, আধুনিক ইলেকট্রনিক্সের মস্তিষ্ক হিসাবে কাজ করে এবং মার্কিন যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক প্রবৃদ্ধি, জাতীয় নিরাপত্তা ও বৈশ্বিক প্রতিযোগিতার জন্য গুরুত্বপূর্ণ প্রযুক্তিগুলোকে সক্ষম করে তোলে। শিল্পখাতটি মার্কিন যুক্তরাষ্ট্রে প্রত্যক্ষভাবে 300,000 ব্যক্তিকে চাকরি প্রদান করে এবং 1.8 মিলিয়নের বেশি অতিরিক্ত অভ্যন্তরীণ চাকরিকে সমর্থন করে। সেমিকন্ডাক্টর মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষ পাঁচটি রপ্তানির মধ্যে একটি, এবং শিল্পখাতটি শ্রম উৎপাদনশীলতার ক্ষেত্রে অবদান রাখার ব্যাপারে এক নম্বরে আছে, এবং কৃষিকাজ থেকে প্রস্তুতকরণ পর্যন্ত প্রায় সকল অর্থনৈতিক খাতের কার্যকারিতা ও দক্ষতার উন্নতি করে।

নিউ ইয়র্কে একটি শক্তিশালী সেমিকন্ডাক্টর শিল্প রয়েছে, যেখানে 156টি সেমিকন্ডাক্টর এবং সাপ্লাই চেইন কোম্পানি রয়েছে এবং এগুলোতে 34,000 এর বেশি নিউ ইয়র্কের বাসিন্দা কর্মরত আছেন। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, শিল্পখাতটি মাইক্রন (Micron), গ্লোবালফান্ডরাইজেস (GlobalFoundries), AMD, এডওয়ার্ডস ভ্যাকুয়াম (Edwards Vacuum), মেনলো মাইক্রো (Menlo Micro) এবং TTM টেকনোলজিসের (TTM Technologies) মত ইলেকট্রনিক্স পণ্যের ব্যবসা ও সাপ্লাই চেইন কোম্পানির থেকে পাওয়া মুখ্য বিনিয়োগ দ্বারা নিউ ইয়র্কে নিজেদের উপস্থিতি সম্প্রসারিত করা অব্যাহত রেখেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন